



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০
ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ০৩.১২.২০১৯ খ্রিঃ

ববির লোকপ্রশাসন ছাত্রকল্যান সমিতির আয়োজনে বিভাগের ২য় বর্ষের ৬ মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান

বরিশাল বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের ছাত্রকল্যান সমিতির আয়োজনে বিভাগের ২য় বর্ষের ৬ মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। অদ্য ৩ ডিসেম্বর বিকাল ৪.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে বিভাগের চেয়ারম্যান রিফাত মাহমুদের সভাপতিত্বে শিক্ষাবৃত্তি ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তোমাদের নিজেদের পরিবারের প্রতি, দেশের মানুষের প্রতি এবং সর্বোপরি যাদের আত্মত্যাগের বিনিময়ে স্বাধীনতা অর্জিত হয়েছে তাঁদের প্রতি কিছু দায়বদ্ধতা রয়েছে। তোমরা যদি এ ৩টি বিষয়কে লক্ষ্য হিসেবে রেখে তোমাদের জীবনকে পরিচালনা কর তাহলে সত্যিকার অর্থেই তোমরা আদর্শবান ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে উঠতে পারবে। উপাচার্য মহোদয় আরও বলেন তোমাদেরকে একাডেমিক কার্যক্রমের পাশাপাশি এধরনের সহশিক্ষামূলক কার্যক্রমে আরও বেশি সক্রিয় হতে হবে। একইসাথে বরিশাল বিশ্ববিদ্যালয়কে একটি আন্তর্জাতিক মানের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে শিক্ষা ও গবেষণার পাশাপাশি সহশিক্ষামূলক কার্যক্রমকে জোরদার এবং গতিশীল করার আহবান জানান উপাচার্য মহোদয়। অনুষ্ঠানে ৬ মেধাবী শিক্ষার্থীর প্রত্যেককে ২,০০০ টাকা করে বৃত্তি প্রদান করা হয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন যথাক্রমে মোঃ মাহবুবুর রহমান, মোঃ সাইফুল্লাহ, মুন্সী, সুইটি মন্ডল, মোঃ নকিবুল হাসান ও ইমরান হোসেন। বৃত্তি প্রদান অনুষ্ঠানে লোক প্রশাসন ছাত্রকল্যান সমিতির বিদায়ী কমিটিকে সংবর্ধনা প্রদান করা হয় এবং নবগঠিত কমিটিকে বরণ করে নেয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে লোকপ্রশাসন বিভাগের শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা প্রত্যেকে পুরো এক সেমিস্টারে (৬ মাস) প্রতি মাসে ২০০০ টাকা করে মোট ১২,০০০ টাকা পাবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস